

## বিজ্ঞপ্তি

### আসন্ন রমজান মাসে আরইবি'র বিশেষ সেবা

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের আওতাধীন ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতির ২ কোটি ৬০ লক্ষ সম্মানিত গ্রাহকের সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, আসন্ন পবিত্র রমজান মাসে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে বিশেষ কর্মসূচী গ্রহণ করা হয়েছে :

- পবিত্র এ মাসকে 'বিশেষ সেবা মাস' হিসেবে ঘোষণা দেয়া হয়েছে।
- সমিতিসমূহের অভিযোগ কেন্দ্রগুলো দিন-রাত (২৪ ঘন্টা) চালু থাকবে।
- বিদ্যুৎ বিলের পিছনে অভিযোগ কেন্দ্রের মোবাইল নম্বর দেয়া আছে। প্রতিটি সমিতিতে হট লাইন চালু করা হয়েছে (যা স্থানীয় পর্যায়ে জানিয়ে দেয়া হবে)।
- প্রতিটি সমিতিতে পর্যবেক্ষণ/নিয়ন্ত্রণ কেন্দ্র স্থাপন করা হয়েছে।
- আরইবি'র সদর দপ্তরে কেন্দ্রীয় নিয়ন্ত্রণ/পর্যবেক্ষণ কেন্দ্র স্থাপন করা হয়েছে (০১৭৯২৬২৩৪৬৭, ০২-৮৯০০৫৭৫)।
- লাইন, উপকেন্দ্রসহ বৈদ্যুতিক স্থাপনা/সরঞ্জামের রক্ষণাবেক্ষণ কাজ সম্পন্ন করা হয়েছে।
- কর্মকর্তা/কর্মচারীদের ছুটি বাতিল করা হয়েছে।
- ট্রান্সফরমার, মিটার, তার ইত্যাদি সরঞ্জাম গ্রাহকের নিকটস্থ অফিসে মজুদ রাখা হয়েছে।
- বিদ্যুৎ বিভ্রাট অতি দ্রুত নিরসনের জন্য প্রতিটি সমিতিতে ০৮ ঘন্টা ব্যাপী ৩টি শিফটের জন্য প্রতিটি জোনাল অফিস/সাব জোনাল অফিসে কমপক্ষে ২টি করে 'আলোর ফেরিওয়াল' টিম প্রস্তুত রাখা হয়েছে।
- অভিযোগ প্রাপ্তির ৫ মিনিটের মধ্যে 'আলোর ফেরিওয়াল' গ্রাহক প্রান্তে পৌঁছে যাবে।
- ইফতার, তারাবিহ ও সেহেরীর সময়কে বিশেষ প্রাধান্য দেয়া হয়েছে।
- যে কোন বিদ্যুৎ বিভ্রাটে সম্মানিত গ্রাহকদের স্থানীয় অভিযোগ কেন্দ্র/সমিতির হট লাইনে (যা জানিয়ে দেয়া হবে) যোগাযোগ করতে অনুরোধ করা হচ্ছে। স্থানীয় ভাবে কোন প্রতিকার পাওয়া না গেলে বিআরইবি'র কেন্দ্রীয় নিয়ন্ত্রণ কক্ষে (০১৭৯২৬২৩৪৬৭, ০২-৮৯০০৫৭৫) যোগাযোগ করুন।
- এ বিজ্ঞপ্তিটিকে সকল সম্মানিত গ্রাহকের নিকট পৌঁছানোর ব্যবস্থা নেয়া হয়েছে।

চেয়ারম্যান

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

